

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৯৭৮

আগরতলা, ০২ ডিসেম্বর, ২০২৩

**ডেঙ্গু প্রতিরোধে কর্মশালা**

ডেঙ্গু প্রতিরোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে পশ্চিম জেলার সমস্ত নগর, গ্রামীণ ও প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসকদের নিয়ে আজ পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের কনফারেন্স হলে এক কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় ডেঙ্গু প্রতিরোধ নিয়ে আলোচনা করেন পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের অধিকর্তা ডাঃ অঞ্জন দাস, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের যুগ্ম অধিকর্তা ডাঃ সৌমিত্র মল্লিক, পশ্চিম জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ রঞ্জন বিশ্বাস, জাতীয় পতঙ্গ বাহিত রোগ নিয়ন্ত্রণ প্রকল্পের স্টেট নোডাল অফিসার ডাঃ অভিজিৎ দাস প্রমুখ। কর্মশালায় ওরিয়েন্টেশন সেশনে গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ এন্ড জিবিপি হাসপাতালের মাইক্রোবায়োলজি বিভাগের বিভাগীয় প্রধান ডাঃ তপন মজুমদার, প্রসূতী ও স্ত্রীরোগ বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ অপরাজিতা পাল, আইজিএম হাসপাতালের শিশুরোগ বিশেষজ্ঞ ডাঃ কৌশিক দেববর্মা ও ফিজিশিয়ান ডাঃ নীতিশ দাস প্রমুখ।

কর্মশালায় ডেঙ্গু প্রতিরোধে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের ভূমিকা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়াও পতঙ্গ বাহিত রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে ডেঙ্গু ও ম্যালেরিয়াপ্রবণ অঞ্চলগুলিতে জনসাধারণকে ঘুমানোর সময় মশারী ব্যবহার, বাড়ির আশপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, ডিডিটি স্প্রে করা ও জ্বরের লক্ষণ থাকলে প্রয়োজনে ডেঙ্গু নির্ণয়ে রক্ত পরীক্ষা করার জন্য স্বাস্থ্যকর্মীদের আহ্বান জানানো হয়। এর আয়োজন করেন জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি, পশ্চিম জেলা। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের অধিকর্তা ডা. অঞ্জন দাস এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*